

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সহগামী বাংলা

সেমিস্টার : ৩ : কোর্স : ২ (S-2.5)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে উত্তরদান আবশ্যিক

একক - ১

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'খারিজ' উপন্যাসে দুটি আদালত দৃশ্যের বিবরণ আছে। এই দৃশ্য দুটির তাৎপর্য আলোচনা করো।
- (খ) 'খারিজ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- (ক) 'এ কি, ইনজুরি রয়েছে যে!'— কে কখন কেন এই মন্তব্য করেছিলেন।
- (খ) 'ভেন্টিলেটর' শব্দটি 'খারিজ' উপন্যাসের বিভিন্ন চরিত্রে যে অভিঘাত সৃষ্টি করেছে তার পরিচয় দাও।
- (গ) শিবশঙ্করবাবু কে ? তাঁকে কেন স্পষ্ট বক্তা বলা হয়েছে ?
- (ঘ) 'হেন্স দি কেস ইজ ক্লোজড'— এই বাক্যটির তাৎপর্য লেখো।

একক - ২

- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'পয়ামুখম' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (খ) 'না' গল্পের ব্রজরাণী চরিত্রের পরিচয় দাও।
- ৪। যে-কোনো দুটির প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো : ২×৫=১০
- (ক) 'এ বৌটার পরমায়ু আছে, তাই মরল না, বাবা।'
- (খ) 'খালি জন্মো দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়।'
- (গ) 'চেষ্টাকৃত ভদ্রতার আবরণ খসিয়া পড়ে...'
- (ঘ) 'দেবী, দেবী ! স্বর্গের দেবী ! তুমি বউদি !'